জীবননগরে পিঠা উৎসব পালিত

জীবননগরে বসন্ত বরণ উপলক্ষে পিঠা উৎসব পালিত হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয়ের মাঠে দিন ব্যাপী এ পিঠা উৎসবের আয়োজন করা হয়।

আন্দুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান শেখ শফিকুল ইসলাম মোক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামান, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,উপজেলার এ্যাকাডেমিক সুপার ভাইজার আব্দুর জব্বার, সাংবাদিক মিঠুন মাহমুদ ,নারায়ন ভৌমিক,মামুন,এ.আর ডাবলু প্রমুখ।উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন আন্দুলবাড়িয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আলী হোসেন।

জীবননগরে ফেন্সিডিলসহ আটক-১

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২০ বোতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুর ১টার দিকে জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেকের নিদেশে জীবননগর থানার এসআই (নিঃ) মোঃ নাহিরুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে জীবননগর পৌর সভার ডাঙ্গাপাড়া গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে ডাঙ্গাপাড়া ডেইরী ফার্মের সামনে পাঁকা রাস্তার উপর হতে ২০ বোতল ফেন্সিডিল সহ দর্শনা থানার মোহাম্মদপুর গ্রামের মোঃ নুরুল ইসলামের ছেলে মোঃ আরিফুল ইসলামকে (২৮)আটক করে।

এ বিষয়ে জীবননগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

জীবননগরে আলমসাধু পাওয়ার ট্রিলার মুখোমুখি সংঘর্ষে নিহত -১

জীবননগরে আলমসাধু পাওয়ার ট্রিলার মুখোমুখি সংঘর্ষে ১জন নিহত হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে জীবননগর উপজেলার মনোহরপুর শিমুলতলা নামক স্থানে এই দূর্ঘটনা ঘটে।

নিহত ছানোয়ার হোসেন (৪৫) জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের কালা গ্রামের মৃত বদর উদ্দিনের ছেলে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, নিহত ছানোয়ার জীবননগর থেকে পাওয়ার ট্রিলার যোগে গরু নিয়ে শিয়ালমারী যাচ্ছিলেন বিপরীত দিক থেকে আসা দুরত্ব গতির আলমসাধু মনোহরপুর শিমুলতলা নামক স্থানে পৌছালে নিয়ন্ত্রণ হারিয়ে ইঞ্জিন চালিত পাওয়ার ট্রিলারকে ধাক্কা দেয়। ইঞ্জিন চালিত পাওয়ার ট্রিলারের উপর থাকা ছানোয়ার হোসেন সড়কের উপর ছিটকে পড়ে পাওয়ার ট্রিলারে চাকায় পিষ্ট হয়ে মারাত্মক ভাবে আহত হন।

এ সময় স্থানীয় জনগণ তাকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কতব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) মোঃ আব্দুল খালেক বলেন,নিহত ছানোয়ার গরু বিক্রি করার জন্য পাওয়ার টিলারে করে গরু নিয়ে শিয়ালমারী বাজারে যাচ্ছিল এ সময় অসাবধনতার কারনে সে টিলারের উপর থেকে পড়ে যায় এবং তার মৃত্যু হয় ।

তবে এ বিষয়ে নিহতের পরিবারের কোন অভিযোগ না থাকায় লাশ তার পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে।

জীবননগরে মুদি ব্যবসায়িকে ৩০ হাজার টাকা জরিমানা

জীবননগরে ক্ষতিকর রঙ মেশানো শিশু খাদ্য, মেয়াদ ও মূল্য বিহীন, নকল পন্য বিক্রির অপরাধে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর একটি প্রতিষ্ঠানকে ৩০হাজার টাকা জরিমানা করেছে। এবং জব্দকৃত নিম্ন মানের ভেজাল শিশু খাদ্য পুড়িয়ে ফেলা হয়।

মঙ্গলবার দুপুরে জীবননগর পৌর এলাকার মুক্তিযোদ্ধা মার্কেটে এ অভিযান পরিচালনা করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, ক্ষতিকর রঙ মেশানো শিশু খাদ্য, মেয়াদ ও মূল্য বিহীন, নকল পন্য বিক্রি করছে জীবননগরে দোকানিরা। গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার দুপুরে জীবননগর পৌর এলাকার মুক্তিযোদ্ধা মার্কেটে মিজান স্টোরে অভিযান চালিয়ে ক্ষতিকর রঙ মেশানো শিশু খাদ্য ও প্রাণের নকল প্যাকেটে খাদ্য বিক্রির অপরাধে দোকানি মিজানুর রহমানকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।এবং আটককৃত মালামালাগুলো আগুন দিয়ে পুড়িয়ে ফেলা হয়।

অভিযানে উপস্থিত ছিলেন জীবননগর হাসপাতালের স্যানিটারি ইন্সপেক্টর আনিসুর রহমান ও জীবননগর থানা পুলিশের একটি দল।

জীবননগরে মুক্তিযোদ্ধাদের মাঝে কম্বল বিতরণ

চুয়াডাঙ্গা জেলা পুলিশের উদ্যোগে জীবননগর উপজেলা বীর মুক্তিযোদ্ধাদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে ভবনে উপজেলার ৭০জন মুক্তিযুদ্ধাদের মাঝে কম্বল বিতরণ

করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকুনুজ্জামানের সভাপতিত্বে কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মর্তুজা, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক, বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দলু প্রমূখ।

এছাড়াও উপজেলার বীর মুক্তিযোদ্ধা ও সাংবাদিক গন উপস্থিত ছিলেন।

জীবননগরে হুন্ডির টাকাসহ সীমান্তে একজন আটক

চুয়াডাঙ্গার জীবননগরে হুন্ডির ১৩ লাখ টাকাসহ রাজন আহাম্মদ নামের এক যুবককে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

বৃহস্পতিবার সকাল ১০টার বিজিবির মহেশপুর-৫৮ ব্যাটালিয়নের মাধবখালী বিওপির সদস্যরা মাধবখালী সীমান্তে অভিযান চালিয়ে হুন্ডির টাকাসহ তাঁকে আটক করে। রাজন আহাম্মদের জীবননগর উপজেলা মাধবখালী গ্রামের বাসিন্দা।

মহেশপুর-৫৮ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মাসুদ পারভেজ রানা জানান, মাধবখালী বিওপির টহলদল গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে মাধবখালী গ্রামের রাজন আহাম্মদ নামের এক যুবক ভারতীয় নাগরিকের কাছ থেকে হুন্ডির টাকা বাংলাদেশ নিয়ে আসছেন।

এ সংবাদের ভিত্তিতে বিজিবির টহল দল মাধবখালী সীমান্তের ৭৫ নম্বর পিলারের কাছে অবস্থান নেয়। এ সময় রাজন আহাম্মদকে দেখতে পেয়ে বিজিবি সদস্যরা তাঁকে চ্যালেঞ্জ করে। তবে বিজিবির উপস্থিতি টের পেয়ে তিনি পালানোর চেষ্টা করে। পরে বিজিবি সদস্যরা তাঁকে আটক করে তার কোমরে লুকানো অবস্থায় হুন্ডির বাংলাদেশী ১৩ লাখ টাকা জব্দ করা হয়।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible] ([illegible]) [illegible]. [illegible] ([illegible]) [illegible]

[illegible]

[illegible]

[illegible] BAJAJ BOXER-AT 100CC [illegible]

সোমবার বেলা ২টার সময় নিশ্চিত করেন জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক।

আটককৃতরা হলেন, ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর থানার রুদ্রপুর স্কুলপাড়া মো. খোকন রহমানের ছেলে মো.ফাহিম হুসাইন(২৩),বাজে বাওন্দা কলেজপাড়া আঃ হালিমের ছেলে মো. বিপ্লব(২৫)ও অপর জন এই গ্রামের মো.জাহাঙ্গীর হোসেনের ছেলে মো. সোহান হোসেন(২৫)।

থানা পুলিশ জানান, জীবননগর থানাধীন শাহপুর পুলিশ ফাঁড়ির সদস্যরা বিশেষ অভিযান পরিচালনাকালে শাহপুর তিন রাস্তার মোড় হতে সন্দেহভাজন BAJAJ BOXER-AT 100 CC একটি মোটরসাইকেল দাঁড়ানোর জন্য সংকেত দিলে তারা গাড়ি না থামিয়ে পালানোর চেষ্টা করেন। এসময় গাড়িসহ ফাহিম হুসাইন,বিপ্লব, সোহান হোসেনকে আটক করে তাদের জিজ্ঞেসা করলে তারা জানান এটি আন্দুলবাড়িয়ার খাঁন ব্রিক্স হতে চুরির করে এনেছে।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক জানান, জীবননগর উপজেলা আন্দুলবাড়িয়ার খাঁন ব্রিক্স থেকে গাড়ি চুরি করে পালানোর সময় আটক তিনজনকে একটি নিয়মিত মামলা করা হয়েছে। আটকদ্বয়কে সোমবার আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

জীবননগরে সন্ত্রাস-জঙ্গিবাদ প্রতিরোধে প্রশিক্ষণ কর্মশালা

চুয়াডাঙ্গার জীবননগরে সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা,সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ এবং সামাজিক সমস্যা নিরসনে মসজিদের ইমাম, খতিব ও আলেম ওলামাদের করণীয় শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে উপজেলা ইসলামী ফাউন্ডেশনের আয়োজন উপজেলা পরিষদের হলরুমে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মো: রোকনুজ্জামানের সভাপতিত্বে

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, উপজেলা মৎস্য কর্মকর্তা দীন ইসলাম, জেলা ইসলামী ফাউন্ডেশনের হিসাব রক্ষক আব্দুস সোবহান, হাসাদহ মডেল ফাজিল মাদ্রাসার অধ্যাপক মা.আক্তারুজ্জামান, জীবননগর থানার সাব-ইন্সপেক্টর হাসনাইন প্রমূখ।

এছাড়াও কর্মশালায় উপজেলার বিভিন্ন মসজিদের ইমাম, খতিব ও আলেম ওলামাদের পাশাপাশি ইসলামী ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিশু ও বয়স্ক কেন্দ্রের শিক্ষক -শিক্ষিকারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সঞ্চালক হিসাবে দায়িত্ব পালন করেন উপজেলা ইসলামী ফাউন্ডেশনের সুপার ভাইজার আব্দুল হাকিম।

জীবননগরে জমির আইল কাটাকে কেন্দ্র করে হামলা যুবক জখম

জীবননগর উপজেলার শ্রীরামপুর মাঠে জমির আইল কেটে জমি নষ্ঠ করার ঘটনায় প্রতিবাদী কৃষক যুবককে মেশিনের হ্যান্ডিল দিয়ে মারাত্মক ভাবে জখম করা হয়েছে।

ঘটনাটি বৃহস্পতিবার সকালের দিকে সংঘটিত হয়েছে। জখম যুবককে জীবননগর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় থানায় মামলা করা হয়েছে।

জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের সুটিয়া মাঝপাড়ার প্রান্তিক কৃষক শফিকুল ইসলাম বলেন,আমার পার্শ্ববর্তী শ্রীরামপুর মাঠে থাকা আমার জমির আইল গ্রামের মৃত মহিউদ্দিনের ছেলে শফিউদ্দি শফি পর্যায়ক্রমে কেটে নষ্ট করার ব্যাপারে আমার ছেলে বৃহস্পতিবার সকাল সাড়ে ১০

টার দিকে ঘটনাস্থলে প্রতিবাদ জানায়।

এসময় শফি আমার ছেলে ইলাহি ওরফে ইলার(৩৪) ওপর ক্ষিপ্ত হয়ে তাকে বেধড়ক মারপিট করে জখম করে। শফি আমার ছেলেকে হত্যার উদ্দেশ্যে মাথায় মেশিনের হ্যান্ডিল দিয়ে আঘাত করে মারাত্মক ভাবে রক্তাক্ত জখম করে। আমার ছেলে মাটিতে লুটিয়ে পড়ার পরও শফি তাকে মারপিট করে জখম করে।

ঘটনার প্রত্যক্ষদর্শী বাঁকা ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার মিন্টু মিয়া বলেন,ঘটনার সময় একই মাঠের পার্শ্ববর্তী জমিতে আমি কাজ করছিলাম। ওই সময় শফি ও ইলার মধ্যে জমির আইল কাটা নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে শফি ইলার মাথায় আঘাত করলে ইলার মাথা কেটে রক্তাক্ত জখম হয়।

আমরা ঘটনাস্থলে পৌছানোর আগেই শফি ঘটনাস্থান থেকে সরে যায়। এ সময় ইলাকে উদ্ধার করে জীবননগর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার ব্যাপারে থানায় লিখিত অভিযোগ হয়েছে। তারপরও আমরা চেষ্টা করছি,ঘটনাটি স্থানীয় ভাবে আপস নিস্পত্তি করা যায় কিনা।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক বলেন,ঘটনার ব্যাপারে একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। ভিকটিমের মাথায় কাটা ছবি দেখেছি। ঘটনাটি তদন্ত শেষে আইনি ব্যবস্থা গ্রহন করা হবে।